

তারিখ: ০১/০২/২০২১ খ্রি:

বরাবর

মহাপরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

কাজী আলা উদ্দিন রোড, ঢাকা-১০০০।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: চাকরিকাল ১০ (দশ) বছর পূর্তিতে ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদনপত্র।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নয়ন মিয়া (পিএন-৭৬১৩), পদবিঃ ফায়ারফাইটার, ইসলামপুর (সংযুক্ত: উপপরিচালকের দপ্তর, ময়মনসিংহ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, জামালপুরে কর্মরত আছি। আমি গত ০১/০৩/২০১১ খ্রি: তারিখ এ বিভাগে চাকরিতে যোগদান করি। চাকরির যোগদান মোতাবেক আগামী ০১/০৩/২০২১ খ্রি: তারিখ আমার চাকরিকাল ১০ (দশ) পূর্ণ হবে। অর্থ বিভাগের ২১/০৯/২০১৬ খ্রি: তারিখের ২৩২ নং পরিপত্র এবং জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৭ নং অনুচ্ছেদ অনুযায়ী চাকরিকাল ১০ বছর পূর্তিতে ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহোদয় বরাবর আবেদন করলাম এবং আমার চাকরির স্থায়ী আদেশ অত্রসাত সংযুক্ত করলাম।

উল্লেখ্য যে, বর্তমানে আমি জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১৮ নং গ্রেডের ৮৮০০-২১৩১০ ধাপে ১৩০৫০/- মূলে বেতন গ্রহণ করছি এবং আমার ১ম উচ্চতর গ্রেড মঞ্জুর করা হলে ১৭ নং গ্রেডে ৯০০০-২১৮০০ ধাপে ১৩৩৪০/- মূলে নতুন বেতন নির্ধারণ করা হবে।

অতএব, হজুরে সমীপে আকুল আবেদন এই যে, আমার চাকরিকাল ১০ বছর পূর্তিতে ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন পত্রখানা মঞ্জুর করতে জনাবের একান্ত সু-মর্জি হয়।

বিনীত নিবেদক

নয়ন মিয়া (পিএন-৭৬১৩)

পদবিঃ ফায়ারফাইটার

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন

ইসলাপুর, জামালপুর

সংযুক্ত: উপপরিচালকের দপ্তর, ময়মনসিংহ।